

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
গবেষণা অনুবিভাগ
ঢাকা

নং-১৯.০০.০০০০.৮১০.০৩.০০১.১৯-২৮৮

তারিখঃ ২১ আগস্ট ২০১৯

প্রেরকঃ মুহাম্মদ সাকিব সাদাকাত
পরিচালক

প্রাপকঃ উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BIISS)
১/৪৬ পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BIISS)-এর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি-এর অনুকূলে সিঙ্গাপুর সফরের জন্য সরকারী মঞ্জুরী জ্ঞাপন।

জনাব,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ ((BIISS)-এর মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি-এর অনুকূলে আগামী ২৭ আগস্ট ২০১৯ তারিখে সিঙ্গাপুরে অনুষ্ঠিতব্য 'Bangladesh's Contributions to International Security: The Case of Peace Operations' শীর্ষক Workshop-এ যোগদানের জন্য সিঙ্গাপুরে সরকারী সফরের মঞ্জুরী জ্ঞাপন করছে।

০২। সফরের শর্তাবলী নিম্নরূপঃ

ক) উক্ত সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। তবে বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।


খ) তিনি আগামী আগামী ২৬ আগস্ট তারিখে অথবা নিকটবর্তী সময়ে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করতে পারেন এবং বর্ণিত সভা শেষে আগামী ২৮ আগস্ট ২০১৯ তারিখে অথবা নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করতে পারেন।

গ) বর্ণিত ভ্রমণে আমন্ত্রণকারী সংস্থা কর্তৃক ইকোনমি ক্লাসে বিমান ভাড়া (ঢাকা-সিঙ্গাপুর-ঢাকা) আবাসন, আহার এবং পরিবহনের ব্যয়ভার বহন করা হবে। তাছাড়াও বৈদেশিক ভ্রমণ সংক্রান্ত সরকারি বিধিমালা অনুযায়ী বর্ণিত কর্মকর্তার প্রাপ্যতা অনুযায়ী বিজনেস ক্লাসে ভ্রমণের জন্য বিমান ভাড়া বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ এবং ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন যা BIISS-এর বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা যেতে পারে। উল্লেখ্য, উক্ত সফরে মহাপরিচালকের স্ত্রী মিসেস সায়লা শারমীন রহমান এবং কন্যা মিস আসিয়া রহমান ব্যক্তিগত খরচে তাঁর সফরসঙ্গী হতে পারেন যেখানে BIISS তথা বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই।

ঘ) বর্ণিত কর্মকর্তা সফর শেষে দেশে প্রত্যাবর্তনের পর অনধিক সাত (০৭) কার্যদিবসের মধ্যে একটি সফর সংক্রান্ত প্রতিবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়ে দাখিল করবেন এবং সফর শেষে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মূল ভাউচার/বিল প্রদানপূর্বক তাঁকে প্রদত্ত যে কোন অগ্রীমের সমন্বয় সাধন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,



(মুহাম্মদ সাকিব সাদাকাত)
পরিচালক
ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১। মেজর জেনারেল এ কে এম আবদুর রহমান, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, বিআইআইএসএস, ঢাকা।

০২। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

০৩। মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৪। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৫। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।


০৬। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।

০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দর, ঢাকা।

০৯। সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০। অফিস কপি।


(মুহাম্মদ সাকিব সাদাকাত)
পরিচালক